বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৪৯ তারিখ: ১১ মাঘ , ১৪২৯ বঙ্গাব্দ

২৫ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৫৩ তম কমিশন সভা অদ্য ২৫/০১/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

০১. কমিশন অদ্যকার সভায়, Trust Islami Life Insurance Limited এর প্রতিটি ১০.০০ টাকা ইস্যু মূল্যের ১,৬০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৬.০০(ষোল) কোটি টাকা পুঁজি উত্তোলন করে সরকারী ট্রেজারী বন্ড, পুঁজিবাজারে বিনিয়োগ, এফডিআর বিনিয়োগ এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০ জুন, ২০২২ তারিখে Actuarial Valuation Report অনুযায়ী মোট উদ্বৃত্ত ৭৩,২০,০০০ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে বিএমএসএল ইনভেস্টমেন্ট লিমিটেড। উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না।

০২. কমিশনের অদ্যকার সভায়, BURO Bangladesh এর ১৫০ (একশত পঞ্চাশ) কোটি টাকার ০২ বছর মেয়াদী Non-convertible, Unsecured, Fully Redeemable and Sustainable Finance Zero Coupon Bond এর প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানি, কর্পোরেট ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের মাঝে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ৮% discount rate এ ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে উত্তোলিত অর্থ BURO Bangladesh এর পরিবেশগত, সামাজিক এবং প্রশাসনিক সুবিধা যুক্ত নতুন এবং চলমান প্রকল্পে বিনিয়োগের মাধ্যমে ক্ষুদ্রঋণ/এসএমই পোর্টফোলিও সম্প্রসারণে ঋণ প্রদানের জন্য ব্যবহার করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এবং প্রতি লটের অভিহিত মূল্য ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা। বন্ডটির Trustee এবং Arranger হিসেবে যথাক্রমে Sena Kalyan Insurance Company Limited এবং Standard Chartered Bank কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ অন্তর্ভুক্ত করার জন্য শর্তারোপ করা হয়।

25-01-2023

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd